



সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন  
SECURITIES AND EXCHANGE COMMISSION  
JIBAN BIMA TOWER (14,15,16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH

সূত্র নং- এসইসি/মুখপত্র/২০১১/৩০৪


তারিখঃ ২০/০৩/২০১২ইং

প্রেস বিজ্ঞপ্তি

৪২৫ তম কমিশন সভা অদ্য ২০/০৩/২০১২ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১। সভায় কমিশন কেয়া কসমেটিব্ল লিঃ এর রাইট শেয়ার (১R : ১ অনুপাতে অর্থাৎ বিদ্যমান ১টি শেয়ারের বিপরীতে ১টি রাইট শেয়ার) অনুমোদন করেছে। এই রাইট শেয়ারের মাধ্যমে কেয়া কসমেটিব্ল লিঃ কে কমিশন ৭,৩৯,৯৪,৪৯৪টি সাধারণ শেয়ার প্রতিটি ২০ টাকা (অর্থাৎ প্রতি শেয়ারে ১০টাকা প্রিমিয়াম সহ) মূল্যে বাজার থেকে পুঁজি উত্তোলনের অনুমতি প্রদান করেছে। এর মাধ্যমে কোম্পানিটি ১৪৭,৯৮,৮৯,৮৮০.০০ (একশত সাতচল্লিশ কোটি আটানব্বই লক্ষ উনানব্বই হাজার আট শত আশি) টাকা পুঁজিবাজার থেকে উত্তোলন করে Bank Loan পরিশোধ এবং Working Capital হিসেবে খরচ করবে। এই রাইট ইস্যুর জন্য ইস্যু ম্যানেজার হিসেবে Prime Finance Capital Management Ltd. কাজ করছে।

২। এছাড়াও আজকের সভায় কমিশন আমাম সি ফুড লিঃ, খাজা মোজাইক টাইলস এন্ড স্টোন ইন্ডাস্ট্রিজ লিঃ, রাসপিট (ইনক) বাংলাদেশ লিঃ ও ঢাকা ফিসারিজ লিঃ এর প্রথম প্রান্তিকের আর্থিক বিবরণী দাখিলে ব্যর্থতার জন্য প্রত্যেক পরিচালককে ১ লক্ষ টাকা হারে জরিমানা ধার্য করেছে।

  
২০/০৩/২০১২  
ফরহাদ আহমেদ  
নির্বাহী পরিচালক